Sonali Bank PLC.
Ramna Corporate Branch, Dhaka.
General Manager's Chamber
Received No. 126 Date 14 OCT 2026
DGM/AGM-GB/Estt./GAD/IP/Audit
LMD/MIS/LRD/LCD/DDP/Audit
Pl. Take Necessary Action As Per Norms

SONALI BANK PLC
Ramna Corporate Branch, Dhaka.
Deputy General Manager's Chamber
Received No..... Date..... 14 OCT 2026
/AGM-GB/Estt./GAD/ICD/F.EX/LAW
Pl. Take Necessary Action As Per Norms

Deputy General Manager

১) দৈনিক ৫/১০/২৬
২) দৈনিক ..... নাগরিক বার্তা
বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য আদেশ প্রদান করা হলো।

নিলাম বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক
বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ ১ম আদালত, গাজীপুর।

সূত্রঃ- অর্থজারী মোকদ্দমা নং- ৯৬/২০২৫

সোনালী ব্যাংক পিএলসি, রমনা কর্পোরেট শাখা, ঢাকা-১০০০। ----------ডিক্রীদার।

বনাম

১। জে.এফ সোয়েটার ফ্যাশন লিমিটেড, পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, রেজিষ্ট্রার্ড অফিস, হাউজ নং- ২৪৫, রোড নং- ৩ (২য় তলা), ডি ও এইচ এস, বারিধারা, ঢাকা।

২। জনাব ফয়েজুন নবী চৌধুরী, পিতা-মরহুম নূর নবী চৌধুরী, চেয়ারম্যান, জে.এফ সোয়েটার ফ্যাশন লিমিটেড, সাং- ৭৩/২, গ্রীন রোড, গার্ডেন হাউজ, ঢাকা।

৩। জেসমিন নবী চৌধুরী, স্বামী- ফয়েজুন নবী চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, জে.এফ সোয়েটার ফ্যাশন লিমিটেড, সাং- ৭৩/২, গ্রীন রোড, গার্ডেন হাউজ, ঢাকা।

----------দায়িকগণ।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দায়িকগণের নিকট থেকে ডিক্রিদার ব্যাংক বিগত ৩০/০৬/২০১৫ ইং তারিখ পর্যন্ত ডিক্রিদার সুদ ও খরচসহ ব্যাংকের প্রাপ্ত ১৫,৭২,৬৬,৫৭৮.০০/- টাকা এবং পরবর্তী মামলা খরচ ও সুদসহ অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে আগামী ২৬/০১/২০২৬ ইং তারিখে নিম্নরূপ শর্তসাপেক্ষে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে উক্ত তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

(১) আগামী ২৬/০১/২০২৬ ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

(২) নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্রদাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সহি-স্বাক্ষরিত সীলমোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র লিখে দাখিল করতে হবে।

(৩) নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৪) প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত-১, গাজীপুর এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(৫) দরদাতা অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

(৬) দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐ দিন অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাগণ বা তাহাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সরাসরি বা রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অব্যশই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।

(৭) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

বিজ্ঞ জেলা জজ ১ম আদালত গাজীপুর

(৮) নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের, যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবি থাকলে তা পরিশোধের কোন দায়দায়িত্ব ডিক্রিদার/ব্যাংকের উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

(৯) উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে আদালত ইচ্ছা করিলে ২য় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করতে পারবেন।

(১০) কৃতকার্য দরদাতার অনুকূলে শর্ত পূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল আদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১১) নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ব্যাংকের উক্ত শাখা অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

(১২) কোন কারণ দর্শানো ব্যতিরেখে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- গাজীপুর, থানা ও সাবরেজিস্ট্রি অফিস গাজীপুর সদর এলাকাধীন ২৭নং তৌজিভূক্ত সাবেক- ৫৩৬ নং হালে- ৫১ নং মৌজা মিরপুরস্থিত সিএস- ৯৪, এসএ- ২৩৩, আর এস- ২৩০ নং খতিয়ান ভূক্ত, দাগ নং- সিএস ও এসএ- ৪৩১ (চারশত একত্রিশ), আর এস- ১১১০ (এক হাজার একশত দশ), জমির পরিমান- ১.৯৫ একর ইহার কাতে- ৮০ (আশি) শতাংশ সম্পত্তি তদুপরিস্থিত নির্মিত/নির্মিতব্য সকল ভবনাদীসহ এবং স্থাপিত/স্থাপিতব্য যুন্ত্রপাতি ও কলকব্জা বটে। চৌহদ্দিঃ উত্তরে- মাহবুবুর রহমান, দক্ষিণে- বাউন্ডারি ওয়াল, পূর্বে- মসজিদ ও ইউঃ পিঃ রাস্তা, পশ্চিমে- হায়দার আলী।

যুগ্ম জেলা জজ ১ম আদালত গাজীপুর

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ ও অর্থঋণ
১ম আদালত, গাজীপুর।